রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জানুয়ারি ৬, ২০২৬**

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ/ ০৫ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ০৩-আইন/২০২৬।**—বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ৩৬ এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার তফসিল-১ এর কলাম (১) এর—

(ক) ক্রমিক নং ৩ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৩ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | | | |
|---|---|---|---|
| “৩। পরিচালক (টেকনিক্যাল) | --- | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>** উপ-পরিচালক (পরিকল্পনা), বা উপ-পরিচালক (অপারেশন এন্ড মেইনটেন্যান্স), বা মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; |


মূল্য : টাকা ৮.০০

অথবা

সহকারী প্রকৌশলী (ই/এম), বা সহকারী প্রকৌশলী (সিভিল), বা এসিসটেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত উপ-পরিচালক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।

**প্রেষণে বদলির ক্ষেত্রে:**

সরকারের উপসচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে।";

(খ) ক্রমিক নং ৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | | | | |
|---|---|---|---|---|
| "৪। | পরিচালক | --- | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বা উপ-পরিচালক (সংগ্রহ), বা উপ-পরিচালক (পরিকল্পনা), বা উপ-পরিচালক (অপারেশন এন্ড মেইনটেন্যান্স), বা মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বা উপ-পরিচালক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; **প্রেষণে বদলির ক্ষেত্রে:** সরকারের উপসচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে।"; |

(গ) ক্রমিক নং ৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | | | | |
|---|---|---|---|---|
| "৯। | উপ-পরিচালক | --- | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী পরিচালক (প্রশাসন), বা সহকারী পরিচালক (প্রকিউরমেন্ট), বা সহকারী পরিচালক (বিনিয়োগ), বা সহকারী পরিচালক, বা সহকারী প্রকৌশলী (ই/এম), বা সহকারী প্রকৌশলী (সিভিল), বা রিসার্চ অফিসার, বা জনসংযোগ কর্মকর্তা, বা এসিসটেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** সমমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে।"; |

(ঘ) ক্রমিক নং ২৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২৪ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | | | | |
|---|---|---|---|---|
| "২৪। | প্রশাসনিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৩০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং ৭০% পদ পদোন্নতির মাধ্যমে। | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(ঘ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।<br>**<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>লাইব্রেরিয়ান পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি;<br>অথবা<br>রিসিপসনিস্ট, বা কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী, বা ব্যক্তিগত সহকারী পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।"; |

(ঙ) ক্রমিক নং ২৫ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২৫ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| | | | |
|---|---|---|---|
| "২৫। উপ-সহকারী পরিচালক | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৩০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে এবং ৭০% পদ পদোন্নতির মাধ্যমে। | <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(ঘ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।<br><u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>লাইব্রেরিয়ান, বা হিসাবরক্ষক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি;<br>অথবা<br>রিসিপসনিস্ট, বা কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী, বা ব্যক্তিগত সহকারী পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।"। |

কর্তৃপক্ষের আদেশক্রমে

**শীষ হায়দার চৌধুরী**, এনডিসি
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd